## উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির নভেম্বর/২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছা. জাহানারা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শেরপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ 'স্বোমেশ্বরী'।
সভার তারিখ : ১৬/১১/২০২১ খ্রিঃ।
সময় : বেলা ০২: ০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ঠ "ক" তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপরঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী, শ্রীবরদী, সভায় জানান যে, কুরুয়া বাজারের নতুন ভবণ নির্মাণের জায়গায় পুরাতন কিছু টিনসেড ঘর রয়েছে। নতুন ভবণ নির্মাণের জন্য ঠিকাদার বাছাই চুড়ান্ত হয়েছে। নতুন ভবণ নির্মাণের জন্য পুরাতন টিনসেড ঘর গুলো অপসারন করে জায়গা খালি করে দিতে হবে। তিনি পুরাতন টিনসেড ঘরগুলো নিলামে বিক্রি ও দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরও জানান, ভায়াডাঙ্গা- হাঁসধরা রাস্তার নির্মাণ কাজের জন্য ঠিকাদার নিয়োগ সম্পন্ন করা হয়েছে। কিন্তু উক্ত রাস্তায় একটি পুরাতন সরু ব্রিজ থাকায় কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। তিনি ব্রিজটি অপসারণের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করেন। শ্রীবরদী-কর্ণঝোড়া রাস্তার মুখ প্রস্থ কম। উক্ত রাস্তার মুখটির প্রস্থ বাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তাতিহাটি ও ভারের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ জায়গা জটিলতা ও কিছু ঘরের কারণে করা যাচ্ছে না। ২০২১-২১ অর্থ বছরের কুড়িকাহনীয়া ভূমি অফিসের রাস্তা আরসিসি করণের কাজ জায়গা জটিলতার কারণে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। তিনি উক্ত প্রকল্পটি পরিবর্তে কুড়িকাহনীয়া ইউনিয়নের আরএইচডি -পূর্ব ঝিনিয়া ঈদগা মাঠ পর্যন্ত রাস্তা আরসিসি করণ প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া তার অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরবর্তী মাসিক সভায় উপস্থাপনের জন্য অনুরোধের সীদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী শ্রীবরদী, শেরপুর।<br>২। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(স্বাক্ষর)
মোছা. জাহানারা বেগম
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি
শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং- ২৮৭

তারিখঃ ১৬/১১/২০২১ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, শেরপুর।
২। উপপরিচালক স্থানীয় সরকার , শেরপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর ।
৫। চেয়ারম্যান.........................................ইউপি ও সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি, শ্রীবরদী, শেরপুর।

(স্বাক্ষর)
জাহাঙ্গীর হোসাইন
উপজেলা প্রকৌশলী
শ্রীবরদী, শেরপুর।

Scanned with CamScanner